



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫৫৮৭/১০

তারিখ : ১৫-০১-২০২৪ খ্রি.

বিষয় : চলমান ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য সভাপতি নির্বাচন প্রসঙ্গে।

সূত্র : প্রধান শিক্ষকের ৩০-১০-২০২৩ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-২২৫৭৯)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলাধীন “অঞ্জনগাছী মাধ্যমিক বিদ্যালয়” এর প্রধান শিক্ষক গত ২৩-১০-২০২৩ খ্রি. তারিখের আবেদন ও সংযুক্ত বিজ্ঞ অতিরিক্ত দায়রা জজ ২য় আদালত, কুষ্টিয়া-এর ৪০১/২০১৪ নং সেশন মামলার রায় পর্যালোচনায় দেখা যায়, বর্ণিত বিদ্যালয়ে গত ২৩-০৫-২০২২ খ্রি. তারিখে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ কাশেদ আলী, পিতা : মোঃ ইদ্রিস আলী-কে ৪০১/২০১৪ নং সেশন মামলায় বিজ্ঞ আদালত গত ০৮-১০-২০২৩ খ্রি. তারিখে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড প্রদান করেন।

এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের মামলার আদেশ ও বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত এবং প্রবিধানমালা-২০০৯ এর ১১(ঘ) ধারা অনুযায়ী জনাব মোঃ কাশেদ আলী, পিতা : মোঃ ইদ্রিস আলী-এর সভাপতি হিসেবে দায়িত্বে থাকার সুযোগ না থাকায় সভাপতির পদ হতে অব্যাহতি দেয়া হলো এবং বিদ্যালয়টি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রবিধান-২০০৯ এর সংশোধনী ৮(৫) ধারা মোতাবেক অবশিষ্ট মেয়াদের জন্য প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে পুনরায় সভাপতি নির্বাচন করে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডের অনলাইনে আবেদন দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫

প্রধান শিক্ষক
 অঞ্জনগাছী মাধ্যমিক বিদ্যালয় (১১৭৮৬৯)
 মিরপুর, কুষ্টিয়া

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫৫৮৭/১০(১-৭)

তারিখ : ১৫-০১-২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মিরপুর, কুষ্টিয়া।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রাতি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ৬। জনাব মোঃ কাশেদ আলী, অব্যাহতি প্রাপ্ত সভাপতি, অঞ্জনগাছী মাধ্যমিক বিদ্যালয়, মিরপুর, কুষ্টিয়া।
- ৭। সংরক্ষণ নথি।

মোঃ সিরাজুল ইসলাম
 ১৫/০১/২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

মোঃ সিরাজুল ইসলাম
 ১৫/০১/২০২৪